গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## আগস্ট/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৮/০৮/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ শাহাদাত বরণকারী সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার সকল সদস্যকে ১ মিনিট নীরবতা পালনের অনুরোধ করেন। অতঃপর সভায় উপজেলা নির্বাহী অফিসার , শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুলাই/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুলাই/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুলাই/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুলাই/২০২১ | ১৬৫০০/- |

| | | |
|---|---|---|
| | মাসের মজুরী বিল । | |
| ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর জুলাই/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |
| ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর জুলাই/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৬৫০০/- |
| ১২ | উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর জুলাই/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য জুলাই/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের এডিপি প্রকল্পের তালিকা ৩১ আগস্টের মধ্যে জরুরী ভিত্তিতে প্রেরণ করা প্রয়োজন। এছাড়াও রোড আইডিসমূহ প্রেরণের কথা থাকলেও প্রায় কোন ইউনিয়ন হতেই তা প্রেরণ করা হয় নি যা অত্যন্ত হতাশাজনক। উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটিতে বিভিন্ন সভা/ প্রশিক্ষণে স্থান সংকুলান না হওয়ায় সম্মেলন কক্ষের পূর্বপাশের বাথরুম পর্যন্ত সম্প্রসারণ করার প্রয়োজনীয়তা রয়েছে। ডেকোরেশন সংক্রান্ত কাজের জন্য জরুরী ভিত্তিতে সম্মেলন কক্ষটি সম্প্রসারণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র শান্তিগঞ্জ উপজেলাধীন ১০ টি স্কীম (পরিশিষ্ট-ক) প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প (হিলিপ) এর আওতায় AWPB অর্ন্তভূক্ত শান্তিগঞ্জ উপজেলায় বাস্তবায়নাধীন জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষে বর্ণিত ০৫ টি জলমহাল ১. চেপটির খাল ২.কচুয়া বিল ৩. কৈয়াখালী বিল ৪. তেরাজানি বাণীর ডুবি বিল ৫. চাতল উদয় তারা বিলগুলির ভরাটকৃত অংশের পুণঃখনন করার বিষয়ে মতামত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উল্লেখ করেন যে, জলমহালগুলি খনন করা জরুরী। অধিকাংশ জলমহাল ভরাটের কারণে মৎস্য উৎপাদন কমে যাচ্ছে। তবে জলমহাল খনন করার ক্ষেত্রে কৃষক/ফসলী জমির যেন কোনো ধরণের ক্ষতি না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। খনন কার্যচলাকালে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য সভায় আলোচনা করা হয়। উন্নয়ন/খননের বাস্তব চিত্র উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। ৩১ আগস্টের মধ্যে ২০২১-২০২২ অর্থবছরের এডিপি প্রকল্পের তালিকা প্রেরণ করতে হবে।<br>২। বিনা ব্যর্থতায় রোড আইডিসমূহ ৩১ আগস্টের মধ্যে প্রেরণ করতে হবে।<br>৩। সম্মেলন কক্ষটি সম্প্রসারণ করতে হবে এবং সম্মেলন কক্ষের ডেকোরেশন এর কাজ ১৫ সেপ্টেম্বরের মধ্যে শেষ করতে হবে।<br>৪। প্রস্তাবিত ০৫ টি জলমহালের ভরাটকৃত অংশের পুনঃখনন করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র সংগ্রহপূর্বক খনন কাজ শুরু করতে হবে।<br>৫। উপজেলায় নতুন বাড়ী করার পূর্বে পরিষদের অনুমতি নেয়ার ব্যাপারে সচেতনতা সৃষ্টি করতে হবে।<br>৬। শান্তিগঞ্জ উপজেলাধীন ১০ টি স্কীম (পরিশিষ্ট-ক) প্রাক্কলন অনুমোদন করা হয়। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>২। চেয়ারম্যান ইউপি (সকল). উপজেলা ভাইস |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উপজেলায় নতুন বাড়ী করার পূর্বে পরিষদের অনুমতি নেয়ার বাধ্যবাধকতা থাকলেও তা নেয়া হচ্ছে না। স্থানীয় লোকজন যত্রতত্র নিচু জমিতে বাড়ী নির্মাণ করছেন। যার ফলে অনেক ঘর-বাড়ী বর্ষাকালে বন্যাক্রান্ত হচ্ছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | | ৩। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ<br>৪। চেয়ারম্যান ইউপি (সকল), উপজেলা ভাইস |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | করোনা ভ্যাকসিন কার্যক্রমের প্রথমধাপ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বর্তমান করোনা পরিস্থিতির ভয়াবহতা কমাতে সবাইকে টীকা গ্রহণে উদ্বুদ্ধকরণের বিকল্প নেই।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন নির্মাণ শেষ হলেও বঙ্গবন্ধু মেডিক্যাল কলেজের অস্থায়ী ক্যাম্পাস স্থাপনের কারণে এখনো হাসপাতাল চালু করা যায় নি। এ কারণে স্থানীয় জনগণ প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। অন্তত আউটডোর চালু করা প্রয়োজন মর্মে সভায় সকলে মতামত প্রদান করেন। এতে স্থানীয় গরীব জনগণ স্বল্পমূল্যে জরুরী চিকিৎসাসেবা ও ঔষধ পাবেন। | ১) আপাততঃ এসএমএস না পেলে কেউ টীকা নিতে যেন কেন্দ্রে না আসেন সে বিষয়ে সকলকে সচেতন করতে হবে।<br>২) আউটডোর চালু করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | মুজিববর্ষের ঘরসমূহের কাজ ভালোভাবে সমাপ্ত হয়ছে। কিন্তু হাওড়ের পানি বেড়ে যাওয়ায় অনেকগুলো ঘরের টয়লেটের কাজ সম্পন্ন করা যায় নি। এবং হাওরের পানির কারণে কিছু কিছু ঘরের জন্য দেয়াল ঝুকিপূর্ণ অবস্থায় আছে। ঝুকিপূর্ণ ঘরসমূহ চিহ্নিত করে প্যালাসাইডিং ও গাইড ওয়ালের ব্যবস্থা করা প্রয়োজন মর্মে উপজেলা নির্বাহী অফিসার সকলকে অবহিত করেন। এছাড়াও সকল ঘরে বিদ্যুৎ ও বিশুদ্ধ পানি সরবরাহের জন্য টিউবওয়েল স্থাপনের কথা থাকলেও তা এখনও সম্পূর্ণরূপে বাস্তবায়ন হয় নি।<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সকল ইউপি চেয়ারম্যানকে বিতরণকৃত ত্রাণের মাস্টাররোল প্রেরণের অনুরোধ জানান। | ১) মুজিব বর্ষের ঘরসমূহের প্যালাসাইডিং ও গাইড ওয়ালের নির্মাণ সংক্রান্ত কারিগরী কমিটির সুপারিশ প্রেরণ করতে হবে।<br>২) ঝুকিপূর্ণ ঘরসমূহ চিহ্নিত করে স্থানীয়ভাবে বাঁশ ও চাটাইয়ের মাধ্যমে প্যালাসাইডিং দিতে হবে।<br>৩) মুজিববর্ষের সকল ঘরে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে হবে।<br>৪) মুজিববর্ষের সকল ঘরে টিউবওয়েল স্থাপন নিশ্চিত করতে হবে।<br>৫) ৩১ আগস্টের মধ্যে বিতরণকৃত ত্রাণের মাস্টাররোল প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>৩। এজিএম, পল্লী বিদ্যুৎ, শান্তিগঞ্জ।<br>৪। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>৫। ইউপি চেয়ারম্যান, শান্তিগঞ্জ (সকল) |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে,আউশ কর্তন শেষ এবং ফলন সন্তোষজনক। রোপা আমন আবাদ ১৬০ হেঃ এবং চলমান এছাড়া অন্যান্য প্রকল্পের কাজ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে শুরু করা হবে। উন্নত জাতের ধানের প্রদর্শনী বীজতলা প্রস্তুত হয়েছে। কৃষক পর্যায়ে ডাল, তেল বিতরণ, কৃষী যান্ত্রিকীকরণ ও কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের কার্যক্রম নেই। | ১) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে ০২ টি মৎস্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ০১ টি দেখারহাওরে অপরটি সাংহাই হাওরে বাস্তবায়ন করা হবে। হাওরে মৎস্য অবমুক্ত করার পর পোনা মাছ নিধন না করার জন্য নির্দিষ্ট অভয়াশ্রম তৈরি করার জন্য আলোচনা করা হয়। আগামী ২৮/০৮/২০২১ খ্রিঃ হতে ০৩/০৯/২০২১ খ্রিঃ দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত হবে। এ উপলক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আগামী ০৫/০৯/২০২১ খ্রিঃ পোনামাছ অবমুক্ত করা হবে। | ১) পোনা মাছ নিধন না করার জন্য নির্দিষ্ট স্থানে অভয়াশ্রম তৈরি করতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহে বিশেষ করে যে প্রকল্পসমূহে উপজেলা পরিষদের কোন সংশ্লেষ নেই সেগুলোতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে।<br>৩) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২) উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>৩) উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পরিবর্তে তার একজন প্রতিনিধি সভায় উপস্থিত থাকলেও তিনি কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানেন না মর্মে সভাকে অবহিত করেন। | ১) প্রতিমাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা যায় নি। | ১) চলমান প্রকল্পসমূহে বিশেষ করে যে প্রকল্পসমূহে উপজেলা পরিষদের কোন সংশ্লেষ নেই সেগুলোতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে।<br>২) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে,শিমুলবাক ইউনিয়নের ধনপুর সর্দারপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি নদী ভাঙ্গনে কবলিত। টিনের পুরাতন আধাঁপাকা ভবনটি ইতোমধ্যে নদীর ভাঙ্গনে তলিয়ে গেছে। পিইডিপি-২ প্রকল্পের আওতায় নির্মিত ভবনটিও হুমকির সম্মুখীন। বর্তমানে পিইডিপি-৪ এর অধীন একটি ভবন নির্মাণ করার অনুমোদন পাওয়া গিয়াছে। অনুমোদিত ভবনটি নদীর পাড়ে বিদ্যালয়ের ভূমিতে নির্মাণ করা মোটেই সমীচীন হবে না বিধায় বিদ্যালয়টি স্থানান্তরসহ নতুন নিরাপদ স্থানে নির্মাণ করার উদ্যোগ নেওয়া হয়। ফলে এলাকাবাসীর সম্মনিত প্রচেষ্টায় ও ঐক্যমতের ভিত্তিতে ফাহমিদা হক ডেনী ও আরও ০৯ জন দাতা বিদ্যালয়ের নামে ০.৪৭ শতাংশ (সাত চল্লিশ | ফাহমিদা হক ডেনী গং কর্তৃক দানকৃত ভূমিতে নতুন ভবন নির্মাণসহ বিদ্যালয় স্থানান্তরের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্র | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | শতাংশ) একর ভূমি দান করেন। এমতাবস্থায় বিদ্যালয়টি দানকৃত ভূমিতে স্থানান্তরসহ নতুন ভূমিতে নতুন ভবন ভবন নির্মানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন।<br>উপজেলা শিক্ষা অফিসার উল্লেখিত বিষয়ে প্রস্তাব প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত ও অনুমতি প্রার্থনা করেন<br>**দানকৃত জমির তফসিল নিম্নরূপ ঃ**<br>মৌজাঃ দাড়ারগাওঁ, জেএল নং-এসএ-১৬১,আরএস/বিএস হালে-১১২,খতিয়ান নম্বরঃ এসএ-৭২,১৫৬ ও ১৯৯, আরএস/বিএস-ডিপি-৩৪৫,দাগনম্বরঃএসএ-১০৩৬,১০৩৭,১০৩৮,১০৪০ ও ১০৪১ আরএস/বিএস হালে-৯৮১ , আমন রকম ভূমি মোং ০.৪৭ একর। | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা পরিস্থিতির কারনে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ভার্চুয়াল পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সকল শিক্ষকবৃন্দকে করোনা ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতার জন্য অনুরোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। | সকল শিক্ষকবৃন্দকে করোনা ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের আওতায় ৪০ জন প্রশিক্ষণার্থী প্লাম্বার কাজের প্রশিক্ষণ নিয়ে বিভিন্ন জায়গায় কর্মরত আছে। পরবর্তী বছরের এডিপির আওতায় সমবায় বিভাগ সংক্রান্ত প্রকল্প গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | ১) সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের আওতায় সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় ইউপি চেয়ারম্যানগণকে সম্পৃক্ত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,সমাজসেবা অফিসের আওতায় ০২ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে ১. শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা একাডেমি স্থাপনের কাজ/জায়গা অধিগ্রহণের প্রস্তাব বিলম্বের কারণে সভায় উপজেলা নির্বাহী অফিসার অসন্তোষ প্রকাশ করেন ২. প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৫ টি আদি পেশার সাথে জড়িত লোকজনের সফটস্কিল ও এপ্রেনটিশীপ প্রশিক্ষণার্থীদের অনুদান বিতরণ বিতরণ করা প্রয়োজন। | ১) শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা একাডেমি স্থাপনের কাজ/জায়গা অধিগ্রহণের প্রস্তাব এর কাজ আগামী সভার পূর্বে করতে হবে।<br>২) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ জানান যে, ১০ টাকা কেজি খাদ্যসহায়তার সংশোধিত তালিকা পশ্চিম পাগলা ইউপি হতে পাওয়া গেছে। যে সকল ইউপি হতে তালিকা পাওয়া যায়নি সে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দ্রুত তালিকা জমা দেওয়ার জন্য সভায় অনুরোধ করা হয়। | ১) ১০ টাকা কেজি চালের তালিকায় কোন সংশোধনী থাকলে তা দ্রুত জমা দিতে হবে। | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন ফসলের আনুমানিক হিসাব নির্দিষ্ট করে তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। তাছাড়া এ উপজেলায় MSVSB প্রকল্পের আওতায় পাথারিয়া ও পূর্বপাগলা ইউনিয়নে এর জন্ম,মৃত্যু, বিবাহ/তালাক, আগমন, বর্হিগমন, জন্মনিয়ন্ত্রণ, প্রতিবন্ধী ও এইচ আইভি এর মাসিক তথ্য সংগ্রহের কাজ প্রকল্পের | জনশুমারী ও গৃহগননা ২০২১ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সময়সীমা উত্তীর্ণ হওয়ায় প্রকল্প দপ্তর হতে স্থগিত করা হয়েছে। জনশুমারী ও গৃহগননা ২০২১ প্রকল্পের কাজ জরুরী ভিত্তিতে শুরু হবে। শুমারী কাজে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানানো হয়। | | |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া আনসার সেড নির্মাণ করা জরুরীমর্মে সভায় অবহিত করেন। | আনসার সেড নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত ছিলেন। তার পক্ষে উপজেলা চাইল্ড রাইটস অফিসার সভাকে জানান যে, অত্র দপ্তরের আওতাধীন ০২ টি প্রকল্প চলমান রয়েছে। | প্রত্যেক মাসিক সভায় প্রকল্পের অগ্রগতির প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, বর্তমানে ১৬টি ট্রেডে ট্রেনিং চলমান রয়েছে। বরাদ্দ না থাকায় প্রকল্প গ্রহণ করা যাচ্ছে না। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করা হবে। বাস্তবসম্মত ট্রেডে প্রশিক্ষন দেওয়ার জন্য সভায় আলোচনা করা হয়। প্রশিক্ষণার্থী নির্বাচনে আবশ্যিকভাবে উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানবৃন্দকে সম্পৃক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া মূল ঋণ তহবিল ২২,৫০,০০০/- মোট ঋণ তহবিল ২৪,৬৬,৮৫২/- অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষমাত্র (জন) ২৪ জন, অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষমাত্র ১২,০০,০০০/- অর্থ বছরে প্রশিক্ষণের অগ্রগতি নাই, অর্থ বছরে আত্নকর্মী সৃজনের লক্ষমাত্রা, অর্থবছরের আত্নকর্মী সৃজনের অগ্রগতি নাই, যুব সংঘঠন নিবন্ধন কার্যক্রম চলমান। যুব সংগঠনের মাধ্যমে বৃক্ষরোপন, ইভটিজিং, বাল্যবিবাহ, প্রতিরোধ জনসচেতনতামূলক কার্যক্রম, মদকবিরোধী কার্যক্রম, প্রতিববন্ধীদের প্রতি আচরণ ইত্যাদি সম্পর্কে আলোচনা ও নির্দেশনা প্রদান করা হচ্ছে। | প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী নির্বাচনের বিষয়ে পরিষদের সাথে আলোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে ঋণ বিতরণ ২০.৮৫ লক্ষ এবং আদায়ের পরিমাণ ৩২.৪৩ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরো সুন্দরভাবে পরিচালনার করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

| ...মক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | বিবিধ আলোচনা | ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান যে, মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ এর লক্ষে উপজেলা পরিষদ এর অর্থায়নে ০১ টি গৃহ নির্মাণ করে দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ এর আওতায় অত্র উপজেলায় ০১ টি গৃহ নির্মাণের প্রয়োজনীয় অর্থ উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করেন। উপস্থিত সদস্যবৃন্দ সকলেই একমত পোষণ করেন যে,মুজিব শতবর্ষের ০১ টি গৃহ নির্মাণের প্রয়োজনীয় অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় মেটানো হবে। | ১. মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ এর লক্ষে উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর অর্থায়নে ০১ টি গৃহ নির্মাণ করতে হবে। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে এবং কাজের গুনগত মান আবশ্যই সঠিক মানের হতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| | | খ) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, “শান্তিগঞ্জ” উপজেলার সর্বস্তরের জনগণের প্রাণের দাবী দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার নাম পরিবর্তন করে “শান্তিগঞ্জ” করা হয়েছে।উপজেলার নাম পরিবর্তনের প্রথমে ধন্যবাদ জ্ঞাপন করা হয় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে এবং যার অক্লান্ত পরিশ্রমের ফলে উপজেলার নাম পরিবর্তন করা হয়েছে তিনি আমাদের মাননীয় পরিকল্পনা মন্ত্রী, এম এ মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ২. দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার নাম পরিবর্তন করে “শান্তিগঞ্জ” করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় পরিকল্পনা মন্ত্রী, এম এ মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, উপজেলায় পরিষদ,শান্তিগঞ্জ এ বিভিন্ন গ্রাম থেকে আসা সেবাপ্রার্থীগণ সরকারি বিভিন্ন সেবা প্রাপ্তির জন্য উপজেলা পরিষদে আসেন। তাদের বিভিন্ন অফিসে অফিসে ঘুরতে হয় এবং হয়রানির শিকার হতে হয়। উপজেলা পরিষদের সম্মুখে একটি ফ্রন্ট ডেস্ক/সেবাকুঞ্জ স্থাপন করা হলে উপজেলা পরিষদে আসা আগত সেবাপ্রার্থীগণ সহজেই সরকারি সেবা পাবেন ও হয়রানির শিকার হবেন না। | ৩) উপজেলা পরিষদের সম্মুখে একটি ফ্রন্ট ডেস্ক/সেবাকুঞ্জ স্থাপন করতে হবে। | ৩। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| | | ঘ) উপজেলা পরিষদ ভবনে প্রবেশের মুখে ২য় তলার সিড়িঘরে সৌর্ন্দয্যবর্ধনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে জায়গাটি সরেজমিনে পরিদর্শন করে সৌর্ন্দয্যবর্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। | ৪.উপজেলা পরিষদ ভবনে প্রবেশের মুখে ২য় তলার সিড়িঘরে সৌর্ন্দয্যবর্ধন করতে হবে। | ৪.উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় মাত্র ৫০-৫২ জনের মতো বীর মুক্তিযোদ্ধা জীবিত আছেন। সময়ের পরিক্রমায় তাদেরকেও হয়তো আমরা হারাবো। কিন্তু একাত্তরের রণাঙ্গণে তাদের অমূল্য অভিজ্ঞতা ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষণ করা প্রয়োজন। এ বিষয়ক একটি সংকলণ প্রকাশ করা প্রয়োজন। | ৫.বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে যারা এখনো জীবিত একাত্তরের রণাঙ্গণে তাদের অমূল্য অভিজ্ঞতা ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষণ করতে হবে। | ৫. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | চ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, সকলেই কাজের চাপে মানসিকভাবে ক্লান্ত। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে অক্টোবর-নভেম্বর মাসে একটি বনভোজনের আয়োজন করা প্রয়োজন। | ৬) অক্টোবর-নভেম্বর মাসে একটি বনভোজনের আয়োজন করতে হবে। | ৬. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |
| | | ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ ও সভার সভাপতি সকল সদস্যকে নিয়মিত সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, অনেক সদস্যই নিয়মিত সভায় উপস্থিত থাকেন না যার কারণে উপজেলার উন্নয়ন কার্যক্রম ক্ষতিগ্রস্ত হয়। কেউ উপস্থিত থাকতে না পারলেও অন্তত তার একজন প্রতিনিধি যেন উপস্থিত থাকেন সেটা নিশ্চিত করতে হবে | ৭) সদস্যদের উপস্থিত থাকতে হবে। জরুরী কারণে না পারলেও অন্তত তার একজন উপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ৭. উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ। |
| | | (জ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির ১৭/৮/২০২১ তারিখের সভার কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, হাট বাজার ইজারালব্ধ অর্থ বন্টন নীতিমালা অনুযায়ী ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের উন্নয়ন/রক্ষণাবেক্ষনের জমা রাখা হয় এবং ১০% অর্থ উপজেলায় অর্ন্তগত সকল হাটবাজার উন্নয়ন/রক্ষণাবেক্ষণ জন্য জমা রাখা হয়। হাট বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ,ছাউনী, শেড,স্যানিটেশন (ল্যাট্রিন/ইউরিনাল), টিউবওয়েল স্থাপন, হাটবাজারের অভ্যন্তরীণ রাস্তা/চলাচলের পথ নির্মাণকে অগ্রাধিকার দিতে হবে। উপজেলা হাটবাজার রাজস্ব তহবিলে জমাকৃত অর্থ হতে অত্র উপজেলার হাটবাজার উন্নয়ন সংক্রান্ত কাজ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা হাটবাজার তহবিলে জমাকৃত ১০% অর্থ হতে শান্তিগঞ্জ বাজারে উন্নয়নমূলক কাজ করা প্রয়োজন এ বিষয়ে উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জকে বাজারটি সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়। সভায় উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে নিজ নিজ ইউনিয়ন পরিষদের বাজারে যে সকল উন্নয়নমূলক কাজের প্রস্তাব করা করেছেন। সে সকল উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের বিষয়ে আলোচনা করা হয়। | ৮.হাট বাজার ইজারালব্ধ অর্থ বন্টন নীতিমালা অনুযায়ী ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের উন্নয়ন/রক্ষণাবেক্ষনের জমা রাখা হয় এবং ১০% অর্থ উপজেলায় অর্ন্তগত সকল হাটবাজার উন্নয়ন/রক্ষণাবেক্ষণ জন্য জমা রাখা হয়। হাট বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ,ছাউনী, শেড,স্যানিটেশন (ল্যাট্রিন/ইউরিনাল), টিউবওয়েল স্থাপন, হাটবাজারের অভ্যন্তরীণ রাস্তা/চলাচলের পথ নির্মাণকে অগ্রাধিকার দিতে হবে, অত্র উপজেলার সকল বাজারে উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ৮. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| | | (ঝ) উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ডিউটি বক্সে বিদ্যু সংযোগ ও একটি ফ্যান এবং লাইট বাবদ ১৩৬০০/-(তের হাজার ছয়শত) টাকার কাজ সম্পাদন করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা **পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে** সভায় আলোচনা করা হয়।<br>(ঞ) উপজেলা পরিষদের চর্তুপাশে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার বাবদ ১০৮০০/-(দশ হাজার আটশত) টাকা ব্যয় করা হয়েছে।উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৯. উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ডিউটি বক্সে বিদ্যু সংযোগ ও একটি ফ্যান এবং লাইট বাবদ ১৩৬০০/-(তের হাজার **ছয়শত) টাকা** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ০৩ এর (ম) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯. উপজেলা নির্বাহী অফিসার |

| ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (ট) চেয়ারম্যান, দরগাপাশা ইউপি জানান যে, দরগাপাশা ইউনিয়নের কাবিলা ব্রীজটি নিজ খরচে মাটি ও অন্যান্য কাজ করা হয়েছে। কাবিলাখাই ব্রীজটি সরেজমিন পরিদর্শন করার জন্য উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে সভায় অনুরোধ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(ঠ) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চত্বরের অভ্যন্তরে নির্মাণাধীন মডেল মসজিদের স্থানটি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়াম্যানগণ, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলীসহ সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পরিলক্ষিত হয় যে, মডেল মসজিদের প্লান নকশা অনুযায়ী সামনের অংশ উপজেলা পরিষদের প্রবেশের রাস্তা এবং উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে প্রবেশের রাস্তা বন্ধ হয়ে উপজেলা পরিষদ ভবনের সন্নিকটে চলে আসবে। উপজেলা পরিষদ কমপ্লেক্সে বিভিন্ন জাতীয় দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ফলে মসজিদের পবিত্রতা ক্ষুন্ন হওয়ার সম্ভবনা রয়েছে। এছাড়া ও উপজেলা চেয়ারম্যান , উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও আবাসিক কোয়াটারে প্রবেশের রাস্তা বন্ধ হয়ে যাবে এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে জায়গা সংকুচিত হয়ে যাবে। এ বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রকাশ করেন যে, নির্মাণাধীন মডেল মসজিদের সামনের অংশটুকু বাদ দিয়ে প্রয়োজনীয় ভূমি পশ্চিম দিকে সরিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১০. উপজেলা পরিষদের চর্তুপাশে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার বাবদ ১০৮০০/-(দশ হাজার আটশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ০৩ এর (ভ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১. কাবিলাখাই ব্রীজটি সরেজমিন পরিদর্শন করে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১২.নির্মাণাধীন মডেল মসজিদের সামনের অংশটুকু বাদ দিয়ে প্রয়োজনীয় ভূমি পশ্চিম দিকে সরিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১০. উপজেলা নির্বাহী অফিসার<br>১১. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>১২. উপজেলা নির্বাহী অফিসার , সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৮/২১

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ২৫(৫০)

তারিখ: ২৫ আগস্ট, ২০২১খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা .................................. কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা..................................................................................................

২৩/০৮/২১

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা